



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইলঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd




## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের আয়োজনে ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ ফেব্রুয়ারি ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “যুদ্ধবিধ্বস্ত সদ্য-স্বাধীন বাংলাদেশের আর্থিক খাত পুনর্গঠনে বঙ্গবন্ধুর দূরদর্শিতা” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের আয়োজনে ১০ ফেব্রুয়ারি সন্ধ্যা ৭ টায় ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান বলেন, বঙ্গবন্ধুর চিন্তা চেতনা ছিল অত্যন্ত সুদূর প্রসারী। মাত্র সাড়ে তিন বছরের শাসনামলে বাংলাদেশকে তিনি অনন্য উচ্চতায় নিয়ে গিয়েছিলেন। বঙ্গবন্ধুর হাত দিয়েই বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, রূপালী ব্যাংক ও অগ্রণী ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল। কৃষি ব্যাংকের প্রতিষ্ঠাতাও ছিলেন বঙ্গবন্ধু। এছাড়াও আর্থিক বিভিন্ন কর্পোরেশনের প্রতিষ্ঠাতা ছিলেন বঙ্গবন্ধু। আর্থিক ভিত্তিকে শক্তিশালী কাঠামোর উপর দাঁড় করাতে পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেছিলেন বঙ্গবন্ধু। মোটকথা যুদ্ধবিধ্বস্ত সদ্য স্বাধীন বাংলাদেশের আর্থিক খাত পুনঃগঠনে বঙ্গবন্ধুর দূরদর্শিতা ছিল অসামান্য। তাঁর দেখানো পথ ধরেই তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়ন ও অগ্রগতির রোল মডেল। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের টেজারার ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের অধ্যাপক ড. রুস্তম আলী আহমেদ। স্বাগত বক্তা ছিলেন ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ মাহতাব উদ্দীন। বক্তব্য রাখেন ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের শিক্ষার্থী ওয়াহেদা ইসলাম ও নাজিম আহসান অপু। ওয়েবিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অন্যান্যরা সংযুক্ত ছিলেন। ওয়েবিনারটি সঞ্চালনা করেন ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের সহকারী অধ্যাপক রাবেয়া সুলতানা লতা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ. দা.)  
জনসংযোগ অফিস